

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৫

৬. সদাচার ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ কোন সময় ইবাদতে অবসাদ অবস্থা আসলে, খুব বেশি নিরাশ না হওয়া আবশ্যিক

ذَكَرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنْ قِلَّةِ الْقُنُوطِ إِذَا وَرَدَتْ عَلَيْهِ حَالَةُ الْفُتُورِ فِي  
الطَّاعَاتِ فِي بَعْضِ الْأَحْيَانِ

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا أَبُو قُدَيْدٍ عُبَيْدُ اللَّهِ بْنُ فَضَالَةَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ  
الرَّزَّاقِ عَنْ مَعْمَرٍ عَنْ قَتَادَةَ عَنْ أَنَسٍ قَالَ: قَالَ أَصْحَابُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ  
وَسَلَّمَ: إِنَّا إِذَا كُنَّا عِنْدَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَأَيْنَا مِنْ أَنْفُسِنَا مَا نُحِبُّ فَإِذَا رَجَعْنَا  
إِلَى أَهَالِينَا فَخَالَطْنَاهُمْ أَنْكَرْنَا أَنْفُسَنَا فَذَكَرُوا ذَلِكَ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ  
رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَوْ تَدُومُونَ عَلَى مَا تَكُونُونَ عِنْدِي فِي الْحَالِ  
لَصَافَحْتُكُمْ الْمَلَائِكَةُ حَتَّى تُظَلَّكُمْ بِأَجْنَحَتِهَا وَلَكِنْ سَاعَةٌ وَسَاعَةٌ).  
الراوي : أَنَسُ بْنُ مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :  
التعليقات الحسان على صحيح ابن حبان  
الصفحة أو الرقم: 345 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৪৫. আনাস রাহিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাহাবীগণ বলতেন যে, আমরা যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে থাকি, তখন আমরা নিজেদের মধ্যে এমন অবস্থা দেখি যা আমরা পছন্দ করি কিন্তু যখন আমরা তাঁর কাছ থেকে ফিরে আমাদের পরিবারে মিলিত হই, তখন আমরা নিজেদের অবস্থা অপছন্দ করি।” বিষয়টি তাঁরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে আরয় করলেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “তোমরা আমার কাছে যে অবস্থায় থাকো, সে অবস্থায় যদি সদাসর্বদা থাকতে, তবে ফেরেশ্তাগণ তোমাদের সাথে মুসাফাহ করতেন এমনটি তাঁরা তোমাদেরকে তাঁদের পাখা দিয়ে ছায়া দিতেন! কিন্তু কোন সময় এই অবস্থা হয় আবার কোন সময় ঐ অবস্থা হয়।”[1]

## ফুটনোট

[1] বাযযার: ৩২৩৪; মুসনাদ আহমাদ: ৩/১৭৫; সহীহ মুসলিম: ২৭৫০; আব্দুল্লাহ বিন মুবারক, আয যুহদ: ১০৭৫; আত তায়ালিসী: ২৫৮৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৯৬৫)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88644>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন